



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812

Fax : 880-321-62788

Mobile : 880-01733998894

E-mail : [pronstu@gmail.com](mailto:pronstu@gmail.com)

Website : [www.nstu.edu.bd](http://www.nstu.edu.bd)

জনসংযোগ ও

প্রকাশনা দপ্তর

Public Relations & Publication  
Office

শিক্ষা বিষয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/১৮৪৯

১৫ জুলাই ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

## নোবিপ্রবির প্রতিষ্ঠাবার্ষিকী ২০২৪ উদযাপন

উৎসবমুখর পরিবেশে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ১৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে আজ সোমবার (১৫ জুলাই ২০২৪) বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে নানা কর্মসূচি গ্রহণ করা হয়। ক্যাম্পাসকে সাজানো হয় মনোরম পরিবেশে। বিশ্ববিদ্যালয়ের হলসহ একাডেমিক ও প্রশাসনিক ভবনে আলোকসজ্জা করা হয়।

অন্যান্য অনুষ্ঠানের মধ্যে ছিল জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, আনন্দ শোভাযাত্রা, নোবিপ্রবি কেন্দ্রীয় শহীদ মিনার, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও কেন্দ্রীয় মসজিদে দোয়া অনুষ্ঠান। এদিন সকালে জয়বাংলা ভাস্কর্য প্রাঙ্গণে পতাকা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন নোবিপ্রবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম। পরে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রা শেষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন ও কেক কাটা হয়।

এ সময় সংক্ষিপ্ত বক্তৃতায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ দিদার-উল-আলম বলেন আজ বিশ্ববিদ্যালয়ের ১৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী ও 'বিশ্ববিদ্যালয় দিবসে' আমি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবারের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। অনেক বাধা-বিপত্তি অতিক্রম করে নোবিপ্রবি এগিয়ে যাচ্ছে। একাডেমিক ও ভৌত অবকাঠামোগত, শিক্ষা ও গবেষণার সূচকগুলোতে প্রতি বছরই নোবিপ্রবি উন্নতি করছে। সবার সম্মিলিত প্রচেষ্টায় নোবিপ্রবি আরও এগিয়ে যাবে এই প্রত্যাশা করছি। সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।

এ সময় অন্যদের মাঝে নোবিপ্রবির মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, রেজিস্ট্রার মোহাম্মদ জসীম উদ্দিন, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মেজবাহ উদ্দিন পলাশ, সাধারণ সম্পাদক মোঃ ইবনে ওয়াজিদ ইমন সহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪